গ. ABCD চতুর্ভুজের শীর্ষবিন্দুসমূহকে

ঘড়ির কাঁটার বিপরীত দিক ধরে নিয়ে উক্ত

চতুর্ভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

▶◀ ১২ নং প্রশ্নের সমাধান ▶◀

$$\begin{aligned} \text{ক. } AC &= \sqrt{(6-0)^2 + (7+1)^2} = \sqrt{(6)^2 + (8)^2} = \sqrt{36 + 64} \\ &= \sqrt{100} \end{aligned}$$

$$\therefore AC = 10 \text{ (Ans.)}$$

$$BD = \sqrt{(8+2)^2 + (3-3)^2} = \sqrt{(10)^2}$$

$$\therefore BD = 10 \text{ একক (Ans.)}$$

খ. ABCD চতুর্ভুজে A(0, -1) B(-2, 3) C(6, 7) ও D(8, 3)


সুতরাং AB, BC, CD এবং AD বাহুর দৈর্ঘ্য যথাক্রমে

$$AB = \sqrt{(-2-0)^2 + (3+1)^2}$$

$$= \sqrt{4 + 16}$$

$$= \sqrt{20}$$

$$= 2\sqrt{5} \text{ একক}$$



$$BC = \sqrt{(6+2)^2 + (7-3)^2} = \sqrt{(8)^2 + (4)^2} = \sqrt{64 + 16} = \sqrt{80}$$

$$= 4\sqrt{5} \text{ একক}$$

$$CD = \sqrt{(8-6)^2 + (3-7)^2}$$

$$= \sqrt{(2)^2 + (-4)^2}$$

$$= \sqrt{4 + 16}$$

$$= \sqrt{20}$$

$$= 2\sqrt{5}$$

$$DA = \sqrt{(0-8)^2 + (-1-3)^2} = \sqrt{64 + 16} = \sqrt{80}$$

$$= 4\sqrt{5} \text{ একক}$$

ABCD চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান এবং (ক) হতে দেখতে পাই এর দুটি কর্ণ AC ও BD পরস্পর সমান।

সুতরাং ABCD একটি আয়তক্ষেত্র। (প্রমাণিত)

গ. চতুর্ভুজের শীর্ষ বিন্দুসমূহকে ঘড়ির কাঁটার বিপরীত দিক নিয়ে উক্ত চতুর্ভুজের ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \begin{vmatrix} 8 & 6 & -2 & 0 & 8 \\ 3 & 7 & 3 & -1 & 3 \end{vmatrix}$$

$$= \frac{1}{2} (56 + 18 + 2 + 0 + -18 + 14 - 0 + 8) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \times 80 \text{ বর্গ একক}$$

$$= 40 \text{ বর্গ একক (Ans.)}$$

### গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন-১**  $\triangleright$   $xy$  সমতলে অবস্থিত  $A(t, 3t)$ ,  $B(t^2, 2t)$ ,  $C(t - 2, t)$  এবং  $D(1, 1)$  চারটি ভিন্ন বিন্দু। AB এবং CD রেখা সমান্তরাল।

ক. AB রেখার ঢাল  $t$  মাধ্যমে প্রকাশ কর। ২

**?** খ.  $t$  এর সম্ভাব্য মান নির্ণয় কর। ৪

গ.  $t > 0$  হলে, বিন্দুগুলো দ্বারা গঠিত চতুর্ভুজ সামান্তরিক কিনা যাচাই কর এবং এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

$\triangleright \triangleleft$  ১ নং প্রশ্নের সমাধান  $\triangleright \triangleleft$

ক. দেওয়া আছে,  $A(t, 3t)$ ,  $B(t^2, 2t)$

$$AB \text{ রেখার ঢাল, } m_1 = \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{2t - 3t}{t^2 - t} = \frac{-t}{t^2 - t} = \frac{-1}{t - 1}$$

খ. এখানে,  $A(t, 3t)$ ,  $B(t^2, 2t)$ ,  $C(t - 2, t)$ ,  $D(1, 1)$

$$AB \text{ রেখার ঢাল, } m_1 = \frac{-1}{t - 1} \quad [\text{'ক' হতে}]$$

$$CD \text{ রেখার ঢাল, } m_2 = \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{1 - t}{1 - (t - 2)}$$

$$= \frac{1-t}{1-t+2} = \frac{1-t}{3-t}$$

AB ও CD রেখা সমান্তরাল বলে, ঢালদ্বয় সমান

অর্থাৎ,  $m_1 = m_2$

$$\text{বা, } \frac{-1}{t-1} = \frac{1-t}{3-t}$$

$$\text{বা, } \frac{1}{1-t} = \frac{1-t}{3-t}$$

$$\text{বা, } (1-t)^2 = 3-t$$

$$\text{বা, } 1-2t+t^2 = 3-t$$

$$\text{বা, } t^2-2t+1-3+t=0$$

$$\text{বা, } t^2-t-2=0$$

$$\text{বা, } t^2-2t+t-2=0$$

$$\text{বা, } t(t-2)+1(t-2)=0$$

$$\text{বা, } (t-2)(t+1)=0$$

$$\therefore t = -1 \text{ বা, } t = 2$$


$$\therefore t \text{ এর সম্ভাব্য মান } -1, 2$$

গ.  $t > 0$  হলে 'খ' হতে পাই  $t = 2$

$\therefore$  প্রদত্ত বিন্দুগুলো  $A(2, 6), B(4, 4), C(0, 2), D(1, 1)$

AC রেখার ঢাল =

$$\frac{y_2 - y_1}{x_2 - x_1}$$



$$= \frac{2-6}{0-2}$$

$$= \frac{-4}{-2} =$$

2

$$\text{BD রেখার ঢাল} = \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{1-4}{1-4} = \frac{-3}{-3} = 1$$

যেহেতু AC ও BD রেখার ঢাল সমান নয়। অতএব চতুর্ভুজটি সামান্তরিক নয়।

$$\begin{aligned} \text{চতুর্ভুজের ক্ষেত্রফল} &= \frac{1}{2} \begin{vmatrix} 2 & 0 & 1 & 4 & 2 \\ 6 & 2 & 1 & 4 & 6 \end{vmatrix} \\ &= \frac{1}{2} (4 + 0 + 4 + 24 - 0 - 2 - 4 - 8) \\ &= 9 \text{ বর্গ একক (Ans.)} \end{aligned}$$

**প্রশ্ন-২**  $\triangleright$   $A(a, 2 - 2a), B(1 - a, 2a), C(-4 - a, 6 - 2a)$ .

ক. AB রেখার ঢাল কত? ২

খ. BC বাহুর ঢাল এবং CA বাহুর ঢাল

**?** নির্ণয় কর। ৪

গ. বিন্দু তিনটি একই সরলরেখায় হলে a

এর মান কত? ৪

$\blacktriangleleft$  ২ নং প্রশ্নের সমাধান  $\blacktriangleright$

ক. এখানে,  $A(a, 2 - 2a), B(1 - a, 2a)$  প্রদত্ত বিন্দুদ্বয়।

$$\begin{aligned} \therefore \text{AB রেখার ঢাল} &= \frac{2 - 2a - 2a}{a - 1 + a} \\ &= \frac{2 - 4a}{2a - 1} \end{aligned}$$

খ. এখানে,  $A(a, 2 - 2a), B(1 - a, 2a),$

এবং  $C(-4 - a, 6 - 2a)$  প্রদত্ত বিন্দুত্রয়

$$\begin{aligned} \therefore \text{BC বাহুর ঢাল} &= \frac{2a - 6 + 2a}{1 - a + 4 + a} \\ &= \frac{4a - 6}{5} \end{aligned}$$

$$\begin{aligned} \text{CA বাহুর ঢাল} &= \frac{6 - 2a - 2 + 2a}{-4 - a - a} \\ &= \frac{4}{-4 - 2a} = \frac{-2}{2 + a} \end{aligned}$$

গ. দেওয়া আছে,  $A(a, 2 - 2a), B(1 - a, 2a),$  এবং  $C(-4 - a, 6 - 2a)$ । যেহেতু বিন্দুগুলো সমরেখ সুতরাং AB, BC ও CA রেখাত্রয়ের ঢাল সমান।

$$\text{অর্থাৎ, } \frac{2 - 4a}{2a - 1} = \frac{4a - 6}{5} \text{ [(ক) ও (খ) হতে]}$$

$$\text{বা, } 10 - 20a = 8a^2 - 12a - 4a + 6$$

$$\text{বা, } 8a^2 + 4a - 4 = 0$$

$$\text{বা, } 2a^2 + a - 1 = 0 \text{ [4 দ্বারা ভাগ করে]}$$

$$\text{বা, } 2a^2 + 2a - a - 1 = 0$$

$$\text{বা, } 2a(a + 1) - 1(a + 1) = 0$$

$$\text{বা, } (a + 1)(2a - 1) = 0$$

$$\therefore \text{ হয় } a + 1 = 0 \quad \text{অথবা } 2a - 1 = 0$$

$$\therefore a = -1 \quad \text{বা, } 2a = 1$$

$$\therefore a = \frac{1}{2}$$

$$\therefore a = -1, \frac{1}{2} \text{ (Ans.)}$$

**প্রশ্ন-৩**  $A(t + 1, 1), B(2t + 1, 3)$  এবং  $C(2t + 2, 2t)$ .

ক. AB রেখার ঢাল নির্ণয় কর। ২

খ. ABC ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়

? কর। ৪

গ. দেখাও যে,  $t = 2$  অথবা  $t = -\frac{1}{2}$

হলে বিন্দুগুলো সমরেখ হবে। ৪

▶◀ ৩ নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,  $A(t + 1, 1), B(2t + 1, 3)$

$$\therefore \text{AB রেখার ঢাল} = \frac{1 - 3}{t + 1 - 2t - 1}$$

$$= \frac{-2}{-t}$$

$$= \frac{2}{t} \text{ (Ans.)}$$

খ. দেওয়া আছে,  $A(t + 1, 1), B(2t + 1, 3)$  এবং  $C(2t + 2, 2t)$

$\therefore \Delta ABC$  এর ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \begin{vmatrix} t + 1 & 2t + 1 & 2t + 2 & t + 1 \\ 1 & 3 & 2t & 1 \end{vmatrix}$$

$$= \frac{1}{2} (3t + 3 + 4t^2 + 2t + 2t + 2 - 2t - 1 - 6t - 6 - 2t^2 - 2t) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (2t^2 - 3t - 2) \text{ বর্গ একক।}$$

গ. দেওয়া আছে,  $A(t + 1, 1)$ ,  $B(2t + 1, 3)$  এবং  $C(2t + 2, 2t)$

$$AB \text{ রেখার ঢাল} = \frac{2}{t} \text{ [(ক) হতে]}$$

$$\begin{aligned} BC \text{ রেখার ঢাল} &= \frac{3 - 2t}{2t + 1 - 2t - 2} \\ &= \frac{3 - 2t}{-1} \\ &= 2t - 3 \end{aligned}$$

A, B, C বিন্দু তিনটি সমরেখ হবে যদি

ঢাল AB = ঢাল BC হয়

$$\text{অর্থাৎ } \frac{2}{t} = 2t - 3$$

$$\text{বা, } 2 = 2t^2 - 3t$$

$$\text{বা, } 2t^2 - 3t - 2 = 0$$

$$\text{বা, } 2t^2 - 4t + t - 2 = 0$$

$$\text{বা, } 2t(t - 2) + 1(t - 2) = 0$$

$$\text{বা, } (t - 2)(2t + 1) = 0$$

$$\therefore \text{ হয়, } t - 2 = 0 \quad \text{অথবা, } 2t + 1 = 0$$

$$\therefore t = 2 \quad \text{বা, } 2t = -1$$

$$\therefore t = -\frac{1}{2}$$

$$\therefore t = 2 \text{ অথবা } t = -\frac{1}{2} \text{ (দেখানো হলো)}$$

**প্রশ্ন-৪**  $\rightarrow$   $A(t, 3t)$ ,  $B(t^2, 2t)$ ,  $C(t - 2, t)$ ,  $D(1, 1)$  চারটি ভিন্ন ভিন্ন বিন্দু।

ক. AB রেখার ঢাল t এর মাধ্যমে প্রকাশ

?

কর।

২

খ. AB ও CD সামান্তরাল হলে t এর

সম্ভাব্য মান নির্ণয় কর।

৪

গ.  $t > 0$  হলে, AC ও BD রেখার ঢাল  
নির্ণয় কর।

8

▶◀ 8 নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,  $A(t, 3t), B(t^2, 2t)$

$$\begin{aligned}\therefore AB \text{ রেখার ঢাল, } m_1 &= \frac{y_2 - y_1}{x_2 - x_1} \\ &= \frac{2t - 3t}{t^2 - t} \\ &= \frac{-t}{-t(1-t)} \\ &= \frac{1}{1-t} \text{ (Ans.)}\end{aligned}$$

খ. দেওয়া আছে,  $A(t, 3t), B(t^2, 2t), C(t-2, t), D(1, 1)$

$$AB \text{ রেখার ঢাল } m_1 = \frac{1}{1-t} \text{ [‘ক’ হতে]}$$

$$CD \text{ রেখার ঢাল } m_2 = \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{1-t}{1-t+2} = \frac{1-t}{3-t}$$

AB ও CD রেখা সমান্তরাল হলে, ঢালদ্বয় সমান।

$$\text{অর্থাৎ } m_1 = m_2$$

$$\text{বা, } \frac{1}{1-t} = \frac{1-t}{3-t}$$

$$\text{বা, } (1-t)^2 = 3-t$$

$$\text{বা, } 1 - 2t + t^2 - 3 + t = 0$$

$$\text{বা, } t^2 - t - 2 = 0$$

$$\text{বা, } t = \frac{-(-1) \pm \sqrt{(-1)^2 - 4 \cdot 1 \cdot (-2)}}{2 \cdot 1}$$

$$= \frac{1 \pm \sqrt{1+8}}{2}$$

$$= \frac{1 \pm 3}{2}$$

$$\therefore t = \frac{1+3}{2}, \frac{1-3}{2} \text{ (Ans.)}$$

গ.  $t > 0$  হলে 'খ' হতে পাই,  $t = 2$

$\therefore$  প্রদত্ত বিন্দুগুলো  $A(2, 6), B(4, 4), C(0, -2), D(1, 1)$

$$\begin{aligned} \text{AC রেখার ঢাল} &= \frac{6-2}{2-0} \\ &= \frac{4}{2} = 2 \text{ (Ans.)} \end{aligned}$$

$$\text{BD রেখার ঢাল} = \frac{4-1}{4-1} = 1 \text{ (Ans.)}$$

**প্রশ্ন-৫** ▶ সমতলে চারটি বিন্দু  $A(p^2, p+1), B(2p, 5p+2), C(t-2, t), D(t, 3t)$ .

ক. AB রেখার ঢাল  $p$  এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. AB রেখার ঢাল = 1 হলে,  $p$  এর মান নির্ণয় কর। ৪

গ.  $AB \parallel CD$  হলে  $p$  ও  $t$  এর সম্পর্ক সমীকরণের পদসংখ্যা কয়টি এবং  $p = -1$  হলে  $t$  এর মান কত? ৪

▶◀ ৫নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,  $A(p^2, p+1), B(2p, 5p+2)$

$$\begin{aligned} \therefore \text{AB রেখার ঢাল, } m_1 &= \frac{5p+2-p-1}{2p-p^2} \\ &= \frac{4p+1}{2p-p^2} \text{ (Ans.)} \end{aligned}$$

খ. দেওয়া আছে, AB রেখার ঢাল = 1

$$\therefore m_1 = 1$$

$$\text{বা, } \frac{4p+1}{2p-p^2} = 1$$

$$\text{বা, } 4p+1 = 2p-p^2$$

$$\text{বা, } p^2+2p+1 = 0$$

$$\text{বা, } (p+1)^2 = 0$$

$$\text{বা, } p + 1 = 0$$

$$\therefore p = -1 \text{ (Ans.)}$$

গ. 'ক' অংশ হতে AB রেখার ঢাল  $m_1 = \frac{4p+1}{2p-p^2}$

দেওয়া আছে, C(t-2, t), D(t, 3t)

$$\text{CD রেখার ঢাল, } m_2 = \frac{3t-t}{t-t+2} = \frac{2t}{2} = t.$$

যেহেতু AB || CD সুতরাং রেখাদ্বয়ের ঢাল সমান অর্থাৎ  $m_1 = m_2$

$$\text{বা, } \frac{4p+1}{2p-p^2} = t$$

$$\text{বা, } 4p+1 = 2pt - p^2t$$

$$\therefore p^2t - 2pt + 4p + 1 = 0 \dots\dots\dots(i)$$

এটিই নির্ণেয় সম্পর্ক যার পদসংখ্যা = 4

এখন,  $p = -1$  হলে,

(i) হতে-

$$\text{বা, } (-1)^2t - 2(-1)t + 4(-1) + 1 = 0$$

$$\text{বা, } t + 2t - 4 + 1 = 0$$

$$\text{বা, } 3t - 3 = 0$$

$$\therefore t = 1 \text{ (Ans.)}$$

**প্রশ্ন-৬**  $\rightarrow$  A(a, 0) B(0, b), C(1, 1), D(p-2, 0) চারটি বিন্দু।

ক. AB ও BC রেখার ঢাল নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, A, B, C সমরেখ হবে,

**?** যদি  $\frac{1}{a} + \frac{1}{b} = 1$  হয়। ৪

গ. A, B, C ও D বিন্দু চারটি সমরেখ

হলে p-এর মান a এর মাধ্যমে নির্ণয়

কর। ৪

**৬ নং প্রশ্নের সমাধান**

ক. দেওয়া আছে, A(a, 0) B(0, b), C(1, 1)

$$\therefore \text{AB রেখার ঢাল, } m_1 = \frac{b-0}{0-a} = \frac{-b}{a} \text{ (Ans.)}$$

$$\text{BC রেখার ঢাল, } m_2 = \frac{b-1}{0-1} = 1-b \text{ (Ans.)}$$

খ. দেওয়া আছে,  $\frac{1}{a} + \frac{1}{b} = 1$

বা,  $\frac{a+b}{ab} = 1$

বা,  $a+b = ab$

বা,  $a = b(a-1)$

বা,  $\frac{a}{a-1} = b$

‘ক’ হতে পাই,  $m_1 = \frac{-b}{a} = \frac{-\frac{a}{a-1}}{a} = -\frac{1}{a-1}$

এবং  $m_2 = 1 - \frac{a}{a-1} = \frac{a-1-a}{a-1} = \frac{-1}{a-1}$

$$\therefore m_1 = m_2$$

সুতরাং AB ও BC রেখাদ্বয় সমান্তরাল অথবা একই রেখা। এক্ষেত্রে একই রেখা।

$\therefore A, B, C$  সমরেখ।

গ. ‘খ’ হতে পাই,

AB রেখার ঢাল,  $m_1 = -\frac{1}{a-1}$

BC রেখার ঢাল  $m_2 = -\frac{1}{a-1}$

এখন CD রেখার ঢাল,  $m_3 = \frac{0-1}{p-2-1} = \frac{-1}{p-3}$

A, B, C, D বিন্দু চারটি সমরেখ হলে,

$$m_1 = m_2 = m_3 \text{ হবে।}$$

$$\therefore -\frac{1}{a-1} = -\frac{1}{a-1} = \frac{-1}{p-3}$$

বা,  $a-1 = p-3$

বা,  $p = a-1+3$

$$\therefore p = a + 2 \text{ (Ans.)}$$

প্রশ্ন-৭ ▶ চতুর্ভুজের চারটি শীর্ষ বিন্দুর স্থানাংক যথাক্রমে  $A(3, 4)$ ,  $B(-4, 2)$ ,  $C(6, -1)$  এবং  $D(p, 3)$ .

ক. AB এর ঢাল নির্ণয় কর। ২

খ. ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল

?  $\Delta ABC$  এর ক্ষেত্রফলের দ্বিগুণ হলে, p এর মান নির্ণয় কর। ৪

গ. ABCD কোণ ধরনের চতুর্ভুজ গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

▶◀ ৭ নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,  $A(3, 4)$ ,  $B(-4, 2)$

$$\therefore AB \text{ রেখার ঢাল, } m = \frac{2-4}{-4-3} = \frac{-2}{-7} = \frac{2}{7} \text{ (Ans.)}$$

খ. দেওয়া আছে,  $A(3, 4)$ ,  $B(-4, 2)$ ,  $C(6, -1)$  এবং  $D(p, 3)$  ABCD চতুর্ভুজের চারটি শীর্ষ বিন্দু।

এখন, ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল =

$$\frac{1}{2} \begin{vmatrix} 3 & -4 & 6 & p & 3 \\ 2 & 4 & 2 & -1 & 3 & 4 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (6 + 4 + 18 + 4p + 16 - 12 + p - 9)$$

$$= \frac{1}{2} (44 - 21 + 5p)$$

$$= \frac{1}{2} (23 + 5p) \text{ বর্গ একক}$$

আবার,

$\Delta ABC$  এর ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \begin{vmatrix} 3 & -4 & 6 & 3 \\ 4 & 2 & -1 & 4 \end{vmatrix} \text{ বর্গ একক।}$$

$$= \frac{1}{2} (6 + 4 + 24 + 16 - 12 + 3)$$

$$= \frac{41}{2} \text{ বর্গ একক}$$

প্রশ্নমতে,

$$2 \times \Delta ABC = ABCD \text{ চতুর্ভুজের ক্ষেত্রফল}$$

$$\text{বা, } 2 \times \frac{41}{2} = \frac{1}{2} (23 + 5p)$$

$$\text{বা, } 41 \times 2 = 23 + 5p$$

$$\text{বা, } 82 - 23 = 5p$$

$$\text{বা, } 5p = 59$$

$$\text{বা, } p = \frac{59}{5} \text{ (Ans.)}$$

গ. ABCD চতুর্ভুজের শীর্ষবিন্দুগুলো A(3, 4), B(-4, 2), C(6, -1) ও D(p, 3)

$$\begin{aligned} \text{AB বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(3 + 4)^2 + (4 - 2)^2} \\ &= \sqrt{(7)^2 + (2)^2} \\ &= \sqrt{49 + 4} \\ &= \sqrt{53} \text{ একক} \end{aligned}$$

$$\begin{aligned} \text{BC বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(-4 - 6)^2 + (2 + 1)^2} \\ &= \sqrt{(-10)^2 + (3)^2} \\ &= \sqrt{100 + 9} \\ &= \sqrt{109} \text{ একক} \end{aligned}$$

$$\begin{aligned} \text{CD বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(6 - p)^2 + (-1 - 3)^2} \\ &= \sqrt{\left(6 - \frac{59}{5}\right)^2 + (-4)^2} \text{ [খ হতে পাই } p = \frac{59}{5} \text{ ]} \\ &= \sqrt{\frac{841 + 16}{25}} = \sqrt{49.64} \text{ একক} \end{aligned}$$

$$\begin{aligned} \text{DA বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{\left(\frac{59}{5} - 3\right)^2 + (3 - 4)^2} \text{ [}\because p = \frac{59}{5} \text{]} \\ &= \sqrt{77.44 + 1} = \sqrt{78.44} \end{aligned}$$

যেহেতু বাহুগুলোর দৈর্ঘ্য অসমান, সেহেতু চতুর্ভুজটি একটি বিষমবাহু চতুর্ভুজ।

প্রশ্ন-৮ ▶  $A(1, -1)$ ,  $B(3, 3p)$  এবং  $C(4, p^2 + 1)$

ক. AB রেখার ঢাল বের কর। ২

খ. B ও C বিন্দুগামী রেখার ঢাল -1 হলে, p

? এর মান নির্ণয় কর। ৪

গ. ABC ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

▶◀ ৮ নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,  $A(1, -1)$  ও  $B(3, 3p)$

∴ AB রেখার ঢাল m হলে,

$$m = \frac{3p - (-1)}{3 - 1} = \frac{3p + 1}{2} \text{ (Ans.)}$$

খ.  $B(3, 3p)$  ও  $C(4, p^2 + 1)$  বিন্দুগামী রেখার ঢাল  $m_1$  হলে,

$$m_1 = \frac{p^2 + 1 - 3p}{4 - 3}$$

$$\text{বা, } m_1 = \frac{p^2 + 3p + 1}{1}$$

$$\therefore m_1 = p^2 - 3p + 1$$

প্রশ্নমতে,  $m_1 = -1$

$$\text{বা, } p^2 - 3p + 1 = -1$$

$$\text{বা, } p^2 - 3p + 1 + 1 = 0$$

$$\text{বা, } p^2 - 3p + 2 = 0$$

$$\text{বা, } p^2 - 2p - p + 2 = 0$$

$$\text{বা, } p(p - 2) - 1(p - 2) = 0$$

$$\text{বা, } (p - 2)(p - 1) = 0$$

$$\text{হয়, } p - 2 = 0 \text{ অথবা } p - 1 = 0$$

$$\therefore p = 2 \quad \therefore p = 1$$

$$\therefore p \text{ এর মান } 1 \text{ অথবা } 2. \text{ (Ans.)}$$

গ. ‘খ’ হতে পাই, p এর মান 1 হলে, বিন্দুগুলো হবে,

$$A(1, -1), B(3, 3) \text{ ও } (4, 2)$$

∴ বিন্দুত্রয়কে ঘড়ির কাটার দিকে বিবেচনা করে  $\Delta ABC$  এর ক্ষেত্রফল হবে

$$= \frac{1}{2} \begin{vmatrix} 1 & 3 & 4 & 1 \\ -1 & 3 & 2 & -1 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (3 + 6 - 4 + 3 - 12 - 2) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \times (-6)$$

= 3 বর্গ একক (**Ans.**) [ঋণাত্মক চিহ্ন বাদ দিয়ে, কারণ ক্ষেত্রফল ঋণাত্মক হয় না]

আবার, 'খ' হতে পাই,  $p = 2$  হলে, বিন্দুগুলো হবে

$A(1, -1)$ ,  $B(3, 6)$  ও  $C(4, 5)$

$\therefore$  বিন্দুত্রয়কে ঘড়ির কাটার বিপরীত দিকে নিয়ে ক্ষেত্রফল হবে

$$= \frac{1}{2} \begin{vmatrix} 1 & 3 & 4 & 1 \\ -1 & 6 & 5 & -1 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (6 + 15 - 4 + 3 - 24 - 5) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \times 9 \text{ বর্গ একক}$$

$$= \frac{9}{2} \text{ বর্গ একক (Ans.)} \quad [\text{ঋণাত্মক চিহ্ন বাদ দিয়ে, কারণ}$$

ক্ষেত্রফল ঋণাত্মক হয় না]

**প্রশ্ন-৯** ▶ তিনটি ভিন্ন বিন্দু  $A(a, 0)$ ,  $B(0, b)$  এবং  $C(1, 1)$

ক.  $AB$  ও  $BC$  রেখার ঢাল নির্ণয় কর। ২

খ.  $A$ ,  $B$ ,  $C$  বিন্দু তিনটি সমরেখ হলে

$$\text{দেখাও যে, } \frac{1}{a} + \frac{1}{b} = 1 \quad 8$$

**?** গ.  $AB$  ও  $BC$  রেখাদ্বয়ের ঢাল 1 ও  $-1$  হলে  $a$  ও  $b$  এর মান কত?  $A$ ,  $B$ ,  $C$

বিন্দু তিনটির সাথে  $D(-2, 2)$ ,  $E(2, -2)$  বিন্দু দ্বারা গঠিত পঞ্চভুজটি  $xy$  সমতলে দেখাও এবং ক্ষেত্রফল নির্ণয় কর। 8

▶◀ ৯ নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,  $A(a, 0)$ ,  $B(0, b)$  এবং  $C(1, 1)$

$$\therefore AB \text{ রেখার ঢাল} = \frac{b-0}{0-a} = -\frac{b}{a} \text{ (Ans.)}$$

$$\text{এবং BC রেখার ঢাল} = \frac{1-b}{1-0} = 1-b \text{ (Ans.)}$$

খ. 'ক' হতে AB রেখার ঢাল =  $-\frac{b}{a}$

$$BC \text{ রেখার ঢাল} = 1-b$$

A, B, C বিন্দুত্রয় সমরেখ হলে,

$$AB \text{ রেখার ঢাল} = BC \text{ রেখার ঢাল}$$

$$\text{বা, } -\frac{b}{a} = 1-b$$

$$\text{বা, } b = -a + ab$$

$$\text{বা, } a + b = ab$$

$$\text{বা, } \frac{a}{ab} + \frac{b}{ab} = \frac{ab}{ab} \text{ [ab দ্বারা ভাগ করে]}$$

$$\text{বা, } \frac{1}{b} + \frac{1}{a} = 1$$

$$\therefore \frac{1}{a} + \frac{1}{b} = 1 \text{ (দেখানো হলো)}$$

গ. 'ক' হতে AB রেখার ঢাল =  $-\frac{b}{a}$

$$\text{প্রশ্নমতে, } -\frac{b}{a} = 1$$

$$\text{বা, } a = -b \text{ .....(i)}$$

$$\text{আবার, BC রেখার ঢাল} = 1-b$$

$$\text{প্রশ্নমতে, } 1-b = -1$$

$$\text{বা, } -b = -2$$

$$\therefore b = 2$$

$$\text{(i) হতে পাই, } a = -2$$


$$\therefore a = -2$$

$$b = 2 \text{ (Ans.)}$$

$a = -2, b = 2$  হলে, বিন্দু পাঁচটি

A(-2, 0), B(0, 2), C(1, 1), D(-2,2), E(2, -2)

xy –সমতলে পঞ্চভুজটি গঠন করা হলো।



ছক কাগজ থেকে পঞ্চভুজটি ADBCE

এখন পঞ্চভুজ ADBCE এর ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \begin{vmatrix} -2 & -2 & 0 & 1 & 2 & -2 \\ 0 & 2 & 2 & 1 & -2 & 0 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} |(-4 - 4 + 0 - 2 + 0 + 0 - 0 - 2 - 2 - 4)| \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} |-18|$$

$$= 9$$

∴ পঞ্চভুজের ক্ষেত্রফল = 9 বর্গ একক (Ans.)

### গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন-১ ▶  $y = 3x + 4$  রেখাটি x অক্ষকে A,  $3x + y = 10$  রেখাটি y অক্ষকে B বিন্দুতে ছেদ করে এবং রেখাছয়ের ছেদবিন্দু C.

ক. রেখা দুইটির ঢালছয়ের গুণফল নির্ণয় কর। ২

? খ. C বিন্দুগামী এবং 2 ঢাল বিশিষ্ট সরলরেখার সমীকরণ নির্ণয় কর। ৪

গ.  $\Delta ABC$  এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

▶◀ ১ নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,

১ম সরলরেখার সমীকরণ  $y = 3x + 4$  এবং ২য় সরলরেখার সমীকরণ  $3x + y = 10$  বা,  $y = -3x + 10$

10

১ম সরলরেখার ঢাল = 3

২য় সরলরেখার ঢাল =  $-3$

অতএব, ঢালদ্বয়ের গুণফল =  $3 \times (-3) = -9$

খ. দেওয়া আছে,

$$\therefore y = 3x + 4 \dots\dots\dots(i)$$

$$3x + y = 10 \dots\dots\dots(ii)$$

$y = 3x + 4$  (ii) নং সমীকরণে বসালে

$$3x + 3x + 4 = 10$$

$$\text{বা, } 6x = 10 - 4$$

$$\therefore x = 1$$

এখন  $x = 1$  (i) নং সমীকরণে বসালে  $y = 3.1 + 4 = 7$

$\therefore C$  বিন্দু স্থানাঙ্ক  $(1, 7)$

এখন এরূপ একটি সরলরেখার সমীকরণ নির্ণয় করতে হবে যার ঢাল 2 এবং C বিন্দুগামী।

আমরা জানি,  $m$  ঢাল বিশিষ্ট  $(x_1, y_1)$  বিন্দু দিয়ে যার এমন সরলরেখার সমীকরণ  $y - y_1 = m(x - x_1)$

$\therefore 2$  ঢালবিশিষ্ট  $(1, 7)$  বিন্দু দিয়ে যায় এমন সরলরেখার সমীকরণ,  $y - 7 = 2(x - 1)$

$$\text{বা, } y - 7 = 2x - 2$$

$$\therefore 2x - y + 5 = 0$$

গ. (i) নং রেখাটি  $x$ -অক্ষকে A বিন্দুতে ছেদ করে। কাজেই A বিন্দুর কোটি বা  $y$  স্থানাঙ্ক 0।

$$\therefore (i) \text{ নং হতে পাই, } 0 = 3x + 4$$

$$\therefore x = \frac{-4}{3} \therefore A \text{ বিন্দুর স্থানাঙ্ক } \left( \frac{-4}{3}, 0 \right)$$

যেহেতু (ii) নং রেখাটি  $y$  অক্ষকে B বিন্দুতে ছেদ করে। কাজেই B বিন্দুর ভুজ বা  $x$  স্থানাঙ্ক 0

$$\therefore (ii) \text{ নং হতে পাই, } 0 + y = 10 \therefore y = 10$$

B বিন্দুর স্থানাঙ্ক  $(0, 10)$

$$\begin{aligned} \Delta ABC \text{ এর ক্ষেত্রফল} &= \frac{1}{2} \begin{vmatrix} 1 & 0 & \frac{-4}{3} & 1 \\ 7 & 10 & 0 & 7 \end{vmatrix} \\ &= \frac{1}{2} \left\{ \left( 10 + 0 - \frac{28}{3} \right) - \left( 0 - \frac{40}{3} + 0 \right) \right\} \\ &= \frac{1}{2} \left( 10 - \frac{28}{3} + \frac{40}{3} \right) \\ &= \frac{1}{2} \times \frac{42}{3} = 7 \text{ বর্গ একক (Ans.)} \end{aligned}$$

প্রশ্ন-২ ▶  $A(a, b)$ ,  $B(b, a)$  ও  $C\left(\frac{1}{a}, \frac{1}{b}\right)$  বিন্দু তিনটি সমরেখ এবং  $D(-a, -b)$  অপর একটি বিন্দু।

ক. AB রেখার সমীকরণ নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে দেখাও যে,  $a +$

$$b = 0 \quad 8$$

?

গ. উদ্দীপকে উল্লেখিত  $a$  ও  $b$  এর মান

যথাক্রমে 5 ও 3 ধরে  $A$ ,  $B$  এবং  $D$  বিন্দু

তিনটি দ্বারা গঠিত ত্রিভুজের নামকরণ কর

এবং ক্ষেত্রফল নির্ণয় কর। 8

▶◀ ২ নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,  $A(a, b)$ ,  $B(b, a)$ ,  $C\left(\frac{1}{a}, \frac{1}{b}\right)$  ও  $D(-a, -b)$  চারটি বিন্দু। AB রেখার সমীকরণ,

$$\text{বা, } \frac{y - b}{x - a} = \frac{b - a}{a - b}$$

$$\text{বা, } \frac{y - b}{x - a} = \frac{-(a - b)}{a - b}$$

$$\text{বা, } \frac{y - b}{x - a} = -1$$

$$\text{বা, } y - b = -x + a$$

$$\text{বা, } x + y = a + b$$

∴ AB রেখার সমীকরণ  $x + y = a + b$

খ. দেওয়া আছে,  $A(a, b)$ ,  $B(b, a)$ ,  $C\left(\frac{1}{b}, \frac{1}{b}\right)$

$$\text{AB রেখার ঢাল, } m_1 = \frac{a - b}{b - a}$$

$$= \frac{(a - b)}{-(a - b)}$$

$$= -1$$

$$\text{BC রেখার ঢাল } m_2 = \frac{\frac{1}{b} - a}{\frac{1}{b} - b}$$

$$\begin{aligned}
& \frac{1-ab}{b} \\
&= \frac{1-ab}{\frac{1-ab}{a}} \\
&= \frac{1-ab}{b} \times \frac{a}{1-ab} \\
&= \frac{a}{b}
\end{aligned}$$

A, B, C বিন্দু তিনটি সমরেখ বলে, AB ও BC রেখার ঢাল সমান

অর্থাৎ  $m_1 = m_2$

$$\text{বা, } -1 = \frac{a}{b}$$

$$\text{বা, } -b = a$$

$$\therefore a + b = 0 \text{ (দেখানো হলো)}$$

গ.  $a = 5$  এবং  $b = 3$  হলে A, B ও D বিন্দু তিনটি A(5, 3), B(3, 5), D(-5, -3).

$$\begin{aligned}
\text{A ও B বিন্দুর দূরত্ব } AB &= \sqrt{(5-3)^2 + (3-5)^2} \\
&= \sqrt{2^2 + (-2)^2} \\
&= \sqrt{8} \\
&= 2\sqrt{2}
\end{aligned}$$

$$\begin{aligned}
\text{B ও D বিন্দুর দূরত্ব } BD &= \sqrt{(3+5)^2 + (5+3)^2} \\
&= \sqrt{8^2 + 8^2} \\
&= \sqrt{64 + 64} \\
&= 8\sqrt{2}
\end{aligned}$$

$$\begin{aligned}
\text{A ও D বিন্দুর দূরত্ব } AD &= \sqrt{(5+5)^2 + (3+3)^2} \\
&= \sqrt{10^2 + 6^2} \\
&= \sqrt{136} \\
&= 8\sqrt{34}
\end{aligned}$$

$$\begin{aligned}
\text{এখন } AB^2 + BD^2 &= 2(\sqrt{2})^2 + (8\sqrt{2})^2 \\
&= 4 \times 2 + 64 \times 2 \\
&= 8 + 128 \\
&= 136
\end{aligned}$$

$$= AD^2$$

∴ ত্রিভুজটি সমকোণী।

অতএব, ABD ত্রিভুজের ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \times \text{সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল}$$

$$= \frac{1}{2} \times 8\sqrt{2} \times 2\sqrt{2}$$

$$= 16 \text{ বর্গ একক}$$

∴ ABD ত্রিভুজের ক্ষেত্রফল 16 বর্গ একক।

**প্রশ্ন-৩** ▶ ঈদে মা মেথাকে যত টাকা দিয়েছেন প্রজ্ঞাকে তার দ্বিগুণ অপেক্ষা 3 টাকা কম দিয়েছেন। মেথার প্রাপ্ত টাকা  $x$  এবং প্রজ্ঞার প্রাপ্ত টাকা  $y$  ধরে তাদের প্রাপ্ত টাকার সম্পর্ক একটি সরল সমীকরণ আকারে প্রকাশ করা যায়। উক্ত সরল রেখার ওপর  $Q(3, a)$  একটি বিন্দু। রেখাটি  $x$  ও  $y$  অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে।

ক. Q বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। ২

খ. A ও B হতে সমদূরবর্তী একটি বিন্দু

?  $C\left(b, \frac{5}{2}\right)$  হলে  $b$  এর মান নির্ণয় কর। ৪

গ. AB সরলরেখার সমান্তরাল এমন

একটি সরলরেখা নির্ণয় কর যা

মূলবিন্দুগামী। ৪

▶◀ ৩ নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,

মেথার প্রাপ্ত টাকা  $x$  ও প্রজ্ঞার প্রাপ্ত টাকা  $y$

শর্তমতে,  $2x - 3 = y$

উক্ত রেখার ওপর  $Q(3, a)$  বিন্দুটি অবস্থিত।

∴  $Q(3, a)$  বিন্দু দ্বারা রেখাটি সিদ্ধ হয়।

$$\therefore 2 \cdot 3 - 3 = a$$

$$\Rightarrow a = 3$$

∴ Q বিন্দুর স্থানাঙ্ক  $(3, 3)$ ।

খ.  $y = 2x - 3$  রেখাটি  $x$  ও  $y$  অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করেছে।

$x$  অক্ষে  $y = 0$  বসিয়ে পাই,  $0 = 2x - 3$

$$\therefore x = \frac{3}{2}$$

$\therefore$  A বিন্দুর স্থানাঙ্ক  $\left(\frac{3}{2}, 0\right)$

$y$  অক্ষে  $x = 0$  বসিয়ে পাই,  $y = 2 \times 0 - 3$

$$\therefore y = -3$$

$\therefore$  B বিন্দুর স্থানাঙ্ক  $(0, -3)$

$$\therefore AC = \sqrt{\left(b - \frac{3}{2}\right)^2 + \left(\frac{5}{2} - 0\right)^2}$$

$$= \sqrt{b^2 - 2b \cdot \frac{3}{2} + \frac{9}{4} + \frac{25}{4}}$$

$$= \sqrt{b^2 - 3b + \frac{34}{4}}$$

$$\text{এবং } BC = \sqrt{(b - 0)^2 + \left\{\frac{5}{2} - (-3)\right\}^2}$$

$$= \sqrt{b^2 + \frac{25}{4} + 2 \cdot \frac{5}{2} \cdot 3 + 9}$$

$$= \sqrt{b^2 + \frac{121}{4}}$$

শর্তমতে,  $AC = BC$

$$\text{বা, } \sqrt{b^2 - 3b + \frac{34}{4}} = \sqrt{b^2 + \frac{121}{4}}$$

$$\text{বা, } b^2 - 3b + \frac{34}{4} = b^2 + \frac{121}{4}$$

$$\text{বা, } -3b = \frac{121}{4} - \frac{34}{4}$$

$$\text{বা, } -3b = \frac{87}{4}$$

$$\text{বা, } 3b = \frac{-87}{4}$$

$$\therefore b = \frac{-29}{4} \text{ (Ans.)}$$

গ. AB সরল রেখাটির সমীকরণ  $y = 2x - 3$

সরল রেখার আদর্শ সমীকরণ  $y = mx + c$  এর সাথে তুলনা করে পাই AB সরলরেখার ঢাল,  $m = 2$

$\therefore$  AB সরল রেখার সমান্তরাল যে কোন সরলরেখার ঢালও একই অর্থাৎ 2 রেখাটি মূলবিন্দুগামী হওয়ায় এর একটি বিন্দুর স্থানাঙ্ক  $(x_1, y_1) = (0, 0)$  হবে।

$\therefore$  মূলবিন্দুগামী ও  $m$  ঢাল বিশিষ্ট সরলরেখার সমীকরণ

$$y - y_1 = m(x - x_1)$$

$$\text{বা, } y - 0 = 2(x - 0) \text{ [}\because \text{ ঢাল } m = 2\text{]}$$

$$\therefore y = 2x \text{ (Ans.)}$$

**প্রশ্ন-৪**  $\blacktriangleright 4x + 3y = 12$

ক. প্রদত্ত রেখাটি অক্ষদ্বয়কে যে যে বিন্দুতে ছেদ করে তা নির্ণয় কর। ২

খ. সরলরেখাটি দ্বারা অক্ষদ্বয়ের খণ্ডিত অংশের পরিমাণ নির্ণয় কর এবং রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে

? তার ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. অক্ষদ্বয় এবং রেখাটিকে ধার বিবেচনা করে এর ওপর একটি 10 একক বিশিষ্ট বস্তু তৈরি করা হলো যার শীর্ষ মূলবিন্দুর উপরে। ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল এবং আয়তন নির্ণয় কর। ৪

**৪নং প্রশ্নের সমাধান**

ক. প্রদত্ত রেখা,  $4x + 3y = 12$

$$\text{বা, } \frac{4x}{12} + \frac{3y}{12} = 1$$


$$\text{বা, } \frac{x}{3} + \frac{y}{4} = 1$$

$\therefore$  রেখাটি  $x$ -অক্ষকে  $(3, 0)$  এবং  $y$  অক্ষকে  $(0, 4)$  বিন্দুতে ছেদ করে।

খ. ধরি, রেখাটি অক্ষদ্বয়ের A ও B বিন্দুতে ছেদ করে।

(ক) হতে পাই,  $A(3, 0)$  এবং  $B(0, 4)$

$$\begin{aligned}
\text{অতএব খণ্ডিত অংশ } AB &= \sqrt{(3-0)^2 + (0-4)^2} \\
&= \sqrt{9+16} \\
&= \sqrt{25} \\
&= 5 \text{ একক}
\end{aligned}$$



এখানে AB রেখা অক্ষদ্বয়ের সাথে OAB ত্রিভুজ উৎপন্ন করে।

$$\begin{aligned}
\therefore \Delta OAB &= \frac{1}{2} \times OA \times OB \\
&= \frac{1}{2} \times 3 \times 4 \text{ বর্গ একক} \\
&= 6 \text{ বর্গ একক (Ans.)}
\end{aligned}$$

গ. এখানে, ঘনবস্তুর ভূমি,  $a = 3$  একক

লম্ব,  $b = 4$  একক

অতিভুজ,  $c = 5$

এবং ঘনবস্তুর উচ্চতা,  $h = 10$  একক

$\therefore$  সমগ্রতলের ক্ষেত্রফল

$$\begin{aligned}
&= \left( 2 \times \frac{1}{2} ab + ah + bh + ch \right) \text{ বর্গ একক} \\
&= \left( 2 \times \frac{1}{2} \times 3 \times 4 + 3 \times 10 + 4 \times 10 + 5 \times 10 \right) \text{ বর্গ একক} \\
&= (12 + 30 + 40 + 50) \text{ বর্গ একক} \\
&= 132 \text{ বর্গ একক (Ans.)}
\end{aligned}$$

এবং ঘনবস্তুর আয়তন = তলের ক্ষেত্রফল  $\times$  উচ্চতা

=  $(6 \times 10)$  ঘন একক

= 60 ঘন একক (Ans.)

**প্রশ্ন-৫**  $\rightarrow$  P(1,4x) এবং Q(5,  $x^2 - 1$ ) বিন্দুগামী রেখার ঢাল 1.



ক. x এর মান নির্ণয় কর।

খ.  $x$  এর মানদ্বয়ের জন্য যে চারটি বিন্দু  
পাওয়া যায়, ধর তারা  $A, B, C, D$ ।

$XY$  সমতলে এদের অবস্থান দেখাও এবং  
 $ABCD$  চতুর্ভুজ-এর ক্ষেত্রফল নির্ণয়  
কর। 8

গ. চতুর্ভুজটি সামান্তরিক না আয়ত? এ  
ব্যাপারে তোমার মতামত যুক্তিসহ ব্যাখ্যা  
কর। 8

▶◀ ৫ নং প্রশ্নের সমাধান ▶◀

ক. এখানে,  $P(1,4x)$  এবং  $Q(5, x^2 - 1)$  দুইটি বিন্দু এবং  $PQ$  রেখার ঢাল,  $m = 1$ .

আমরা জানি,  $m = \frac{y_2 - y_1}{x_2 - x_1}$

বা,  $1 = \frac{x^2 - 1 - 4x}{5 - 1}$

বা,  $4 = x^2 - 1 - 4x$

বা,  $x^2 - 4x - 5 = 0$

বা,  $x^2 - 5x + x - 5 = 0$

বা,  $x(x - 5) + 1(x - 5) = 0$

বা,  $(x - 5)(x + 1) = 0$

হয়,  $x - 5 = 0$  অথবা,  $x + 1 = 0$

$\therefore x = 5$        $\therefore x = -1$


নির্ণেয় মান  $x = 5, -1$ .

খ.  $x$  এর মানদ্বয়ের জন্য প্রাপ্ত চারটি বিন্দু  $x = 5$  এর জন্য  
(1, 20) এবং (5, 24)

আবার,  $x = -1$  এর জন্য (1, -4) এবং (5, 0)

ধরি,  $A(1, 20), B(5, 24), C(1, -4)$  এবং  $D(5, 0)$

বিন্দু চারটি  $XY$  সমতলে স্থাপন করে দেখানো হলো :



চিত্র হতে পাই, A(1, 20), C(1, -4), D(5, 0) এবং B(5, 24) বিন্দুগুলো ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \begin{vmatrix} 1 & 1 & 5 & 5 & 1 \\ 20 & -4 & 0 & 24 & 20 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (-4 + 0 + 120 + 100 - 20 + 20 + 0 - 24) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \times 192 \text{ বর্গ একক}$$

$$= 96 \text{ বর্গ একক (Ans.)}$$

গ. এখন, ACDB চতুর্ভুজের

$$\begin{aligned} \text{AC বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(1-1)^2 + (-4-20)^2} \\ &= \sqrt{0^2 + (-24)^2} \\ &= 24 \text{ একক} \end{aligned}$$

$$\begin{aligned} \text{CD বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(5-1)^2 + (0+4)^2} \\ &= \sqrt{16+16} \\ &= 4\sqrt{2} \text{ একক} \end{aligned}$$

$$\begin{aligned} \text{DB বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(5-5)^2 + (24-0)^2} \\ &= \sqrt{(0)^2 + (24)^2} \\ &= 24 \text{ একক} \end{aligned}$$

$$\begin{aligned} \text{AB বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(5-1)^2 + (24-20)^2} \\ &= \sqrt{4^2 + 4^2} \\ &= 4\sqrt{2} \text{ একক} \end{aligned}$$

যেহেতু AC = BD = 24 একক

এবং CD = AB =  $4\sqrt{2}$  একক

অর্থাৎ বিপরীত বাহু সমান।

সুতরাং চতুর্ভুজটি সামান্তরিক অথবা আয়ত।

$$\begin{aligned}\text{এখন, কর্ণ } AD &= \sqrt{(5-1)^2 + (0-20)^2} \\ &= \sqrt{4^2 + (-20)^2} \\ &= \sqrt{416} \text{ একক}\end{aligned}$$

$$\begin{aligned}\text{আবার, কর্ণ } CB &= \sqrt{(5-1)^2 + (24+4)^2} \\ &= \sqrt{800} \text{ একক}\end{aligned}$$

যেহেতু কর্ণ  $AD \neq$  কর্ণ  $CB$

অতএব,  $ACDB$  একটি সামান্তরিক।

**প্রশ্ন-৬** ▶ 5 ঢালবিশিষ্ট একটি রেখা  $A(2, -5)$  বিন্দু দিয়ে যায় এবং  $x$  অক্ষকে  $B$  বিন্দুতে ছেদ করে।  $A$  বিন্দুগামী অন্য একটি রেখা  $x$  অক্ষকে  $C(-1, 0)$  বিন্দুতে ছেদ করে।

ক. দেখাও যে,  $B$  বিন্দুর স্থানাঙ্ক  $(3, 0)$

২

? খ.  $AB$  ও  $AC$  রেখার সমীকরণ নির্ণয় কর। ৪

গ.  $\Delta ABC$  এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

▶◀ ৬ নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,

ঢাল,  $m = 5$  এবং রেখাটি  $A(2, -5)$  বিন্দু দিয়ে যায়।

ধরি, নির্দিষ্ট বিন্দু  $(x_1, y_1) = (2, -5)$

∴ সরলরেখার সমীকরণ হবে,

$$y - y_1 = m(x - x_1)$$

$$\text{বা, } y - (-5) = 5(x - 2)$$

$$\text{বা, } y + 5 = 5x - 10$$

$$\text{বা, } y = 5x - 10 - 5$$

$$\therefore y = 5x - 15$$

যেহেতু,  $x$  অক্ষে  $y = 0$

$$\text{সেহেতু } 0 = 5x - 15$$

$$\text{বা, } 5x = 15$$

$$\therefore x = 3$$

∴ B বিন্দুর স্থানাঙ্ক (3, 0) (দেখানো হলো)

খ. যেহেতু AB রেখার ঢাল,  $m = 5$

অতএব, AB রেখার সমীকরণ,

$$(y - 0) = 5(x - 3) \text{ [ক হতে পাই B (3,0)]}$$

$$\text{বা, } y - 0 = 5x - 15$$

$$\text{বা, } 5x - y - 15 = 0$$

নির্ণেয় AB রেখার সমীকরণ  $5x - y - 15 = 0$

আবার, AC রেখার A ও C বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে A(2, -5) এবং C(-1, 0).

$$\text{অতএব, ঢাল } m = \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{0 - (-5)}{-1 - 2} = -\frac{5}{3}$$

সুতরাং AC রেখার সমীকরণ,

$$y - 0 = -\frac{5}{3} \{x - (-1)\}$$

$$\text{বা, } y - 0 = -\frac{5x}{3} - \frac{5}{3}$$


$$\text{বা, } y = \frac{-5x - 5}{3}$$

$$\text{বা, } 3y = -5x - 5$$

$$\text{বা, } 5x + 3y + 5 = 0$$

নির্ণেয় AC রেখার সমীকরণ  $5x + 3y + 5 = 0$

গ. (ক) হতে প্রাপ্ত ABC ত্রিভুজের A, B, C বিন্দুত্রয়ের স্থানাঙ্ক যথাক্রমে A(2, -5), B(5, 0), C(-1, 0) যা ঘড়ির কাঁটার বিপরীত দিকে যায়।



∴  $\Delta ABC$  এর ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \begin{vmatrix} 2 & 5 & -1 & 2 \\ -5 & 0 & 0 & -5 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (0 + 0 + 5 + 25 + 0 + 0) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \times 30 \text{ বর্গ একক}$$
$$= 15 \text{ বর্গ একক (Ans)}$$

**প্রশ্ন-৭**

i.  $2y = 5x + 6$

ii.  $y = 3x - 3$

iii.  $3x + 5y = -15$

ক. (i) নং রেখা  $x$  ও  $y$  অক্ষকে কোন  
বিন্দুতে ছেদ করে তা নির্ণয় কর। ২

খ. দেখাও যে, (ii) নং সমীকরণের ঢাল

**?** 3. 8

গ. (ii) ও (iii) নং সমীকরণ  $x$  অক্ষ দ্বারা  
আবদ্ধ ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয়  
কর। 8

▶◀ ৭ নং প্রশ্নের সমাধান ▶◀

ক. এখানে সরলরেখার সমীকরণ,

$$2y = 5x + 6$$

$$\text{বা, } 5x - 2y + 6 = 0$$

$$\text{বা, } 5x - 2y = -6$$

$$\text{বা, } \frac{5x}{-6} - \frac{2y}{-6} = 1$$

$$\text{বা, } -\frac{x}{6} + \frac{y}{3} = 1$$

$\therefore$  সরলরেখাটি  $x$ -অক্ষকে  $\left(\frac{-6}{5}, 0\right)$  এবং  $y$  অক্ষকে  $(0, 3)$  বিন্দুতে ছেদ করে।

খ. প্রদত্ত রেখার সমীকরণ,  $y = 3x - 3$

$$\text{বা, } 3x - y - 3 = 0$$

$$\text{বা, } 3x - y = 3$$

$$\text{বা, } \frac{3x}{3} - \frac{y}{3} = 1$$

$$\text{বা, } \frac{x}{1} + \frac{y}{-3} = 1$$

∴ রেখাটি x অক্ষকে (1, 0) এবং y অক্ষকে (0, -3) বিন্দুতে ছেদ করে।

$$\begin{aligned} \therefore \text{রেখাটির ঢাল, } m &= \frac{y_2 - y_1}{x_2 - x_1} \\ &= \frac{-3 - 0}{0 - 1} \\ &= \frac{-3}{-1} \\ &= 3 \end{aligned}$$

∴ (ii) নং সমীকরণের ঢাল 3 (দেখানো হলো)

গ. (খ) অংশ হতে প্রাপ্ত,  $y = 3x - 3$  সমীকরণের x ও y অক্ষের উপর A(1, 0) ও B(0, -3) দুইটি বিন্দু।  
সমীকরণ (iii) হতে পাই,


$$3x + 5y = -15$$

$$\text{বা, } \frac{3x}{-15} + \frac{5y}{-15} = 1$$

$$\text{বা, } \frac{x}{-5} + \frac{y}{-3} = 1$$

∴ রেখাটি x-অক্ষকে C(-5, 0) বিন্দুতে এবং y অক্ষকে B(0, -3) বিন্দুতে ছেদ করে।

সুতরাং ছেদবিন্দু B(0, -3)



চিত্র হতে, A(1, 0), B(0, -3) এবং C(-5, 0) বিন্দু তিনটি A, C, B ঘড়ির কাঁটার বিপরীত দিকে যায়।

∴  $\Delta ACB$  এর ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \begin{vmatrix} 1 & -5 & 0 & 1 \\ 0 & 0 & -3 & 0 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (0 + 15 + 0 + 0 + 3) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \times 18 \text{ বর্গ একক}$$

$$= 9 \text{ বর্গ একক (Ans.)}$$

প্রশ্ন-৮ ▶  $(k^2, 2k)$  বিন্দুগামী AB সরলরেখার ঢাল  $\frac{1}{k}$ ; অপর একটি সরলরেখা  $C(3, p), D(p+2, -3)$  বিন্দুগামী।

ক. AB সরলরেখার সমীকরণ নির্ণয় কর। ২

খ. যদি AB সরলরেখাটি  $(-2, 1)$  বিন্দু দিয়ে যায় তবে k এর সম্ভাব্য মান নির্ণয় কর। AB দ্বারা y অক্ষের ছেদাংশের মান নির্ণয় কর। ৪

গ. CD রেখার ঢাল AB এর ঢালের দ্বিগুণ হলে, p এর মান কত? (যখন  $k > 0$ ) CD রেখার সমীকরণ নির্ণয় কর। ৪

▶◀ ৮ নং প্রশ্নের সমাধান ▶◀

ক.  $(k^2, 2k)$  বিন্দুগামী ও  $\frac{1}{k}$  ঢালবিশিষ্ট সরলরেখার সমীকরণ

$$y - 2k = \frac{1}{k}(x - k^2)$$

$$\text{বা, } yk - 2k^2 = x - k^2$$

$$\text{বা, } yk - 2k^2 + k^2 = x$$

$$\text{বা, } yk - k^2 = x$$

$$\therefore x - yk + k^2 = 0 \dots\dots\dots(i) \text{ (Ans)}$$

খ. (i) নং রেখাটি  $(-2, 1)$  বিন্দু দিয়ে যায়,

$$\therefore -2 - 1 \times k + k^2 = 0$$

$$\text{বা, } k^2 - k - 2 = 0$$

$$\therefore k = \frac{-(-1) \pm \sqrt{(-1)^2 - 4.1.(-2)}}{2.1}$$

$$= \frac{1 \pm \sqrt{9}}{2} = \frac{1 \pm 3}{2}$$

$$= \frac{1+3}{2}, \frac{1-3}{2}$$

$$= \frac{4}{2}, \frac{-2}{2}$$

$\therefore k = 2, -1$  (Ans.)

(i) নং-এ  $k$  এর মান বসিয়ে পাই,

$$k = 2 \text{ হলে, } x - 2y + 2^2 = 0$$

$$\text{বা, } 2y = x + 4$$

$$\text{বা, } y = \frac{1}{2}x + 2$$

$\therefore y$  অক্ষের ছেদাংশ 2 (Ans.)

$$\text{আবার, } k = -1 \text{ হলে, } x - y(-1) + (-1)^2 = 0$$

$$\text{বা, } x + y + 1 = 0$$

$$\text{বা, } y = -x - 1$$

$\therefore y$  অক্ষের ছেদাংশ  $-1$  (Ans)

গ. এখানে,  $C(3, p), D(p + 2, -3)$

$$\therefore CD \text{ রেখার ঢাল} = \frac{-3 - p}{p + 2 - 3} = \frac{-3 - p}{p - 1}$$

CD রেখার ঢাল AB এর ঢালের দ্বিগুণ

$$\therefore \frac{-3 - p}{p - 1} = 2 \times \frac{1}{k}$$

$$\text{বা, } \frac{-3 - p}{p - 1} = 2 \times \frac{1}{k} \text{ [(খ) হতে পাই } k = 2]$$

$$\text{বা, } \frac{-3 - p}{p - 1} = 1$$

$$\text{বা, } p - 1 = -3 - p$$

$$\text{বা, } 2p = -3 + 1 = -2$$

$$\text{বা, } p = -1$$

$\therefore CD$  রেখার সমীকরণ,

$$\frac{y - (-1)}{-1 - (-3)} = \frac{x - 3}{3 - 1}$$

$$\text{বা, } \frac{y + 1}{-1 + 3} = \frac{x - 3}{2}$$

$$\text{বা, } \frac{y + 1}{2} = \frac{x - 3}{2}$$

$$\text{বা, } y + 1 = x - 3$$

$\therefore y = x - 4$  এটিই নির্ণেয় সমীকরণ।

**প্রশ্ন-৯**  $y = 2x + 4$  এবং  $3x + y = 12$  দুইটি সরলরেখার সমীকরণ।

ক. রেখাদ্বয়ের ছেদ বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। ২

? খ. ছক কাগজে রেখাদ্বয়ের চিত্র আঁক এবং ছেদ বিন্দু নির্দেশ কর। ৪

গ. রেখা দুইটি এবং  $x$ -অক্ষ সমন্বয়ে গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

▶◀ ৯ নং প্রশ্নের সমাধান ▶◀

ক. সরলরেখার সমীকরণ দুটি হচ্ছে,

$$y = 2x + 4 \dots\dots\dots(i)$$

$$3x + y = 12 \dots\dots\dots(ii)$$

(ii) নং সমীকরণে,  $y = 2x + 4$  বসিয়ে পাই,

$$3x + 2x + 4 = 12$$

$$\text{বা, } 5x + 4 = 12$$

$$\text{বা, } 5x = 8$$

$$\therefore x = \frac{8}{5}$$

$$\therefore y = 2 \times \frac{8}{5} + 4 = \frac{16 + 20}{5} = \frac{36}{5}$$

$\therefore$  ছেদ বিন্দুর স্থানাঙ্ক  $\left(\frac{8}{5}, \frac{36}{5}\right)$  (Ans.)

খ. (i) হতে পাই

$$y = 2x + 4$$

$$\text{বা, } 2x - y = -4$$

$$\text{বা, } \frac{2x}{-4} - \frac{y}{-4} = 1$$

$$\text{বা, } \frac{x}{-2} + \frac{y}{2} = 1$$

∴ (i) নং রেখাটি x অক্ষকে  $(-2, 0)$  এবং y অক্ষকে  $(0, 2)$  বিন্দুতে ছেদ করে।


(ii) নং হতে,  $3x + y = 12$

$$\text{বা, } \frac{3x}{12} + \frac{y}{12} = 1$$

$$\text{বা, } \frac{x}{4} + \frac{y}{12} = 1$$

∴ (ii) নং রেখাটি x অক্ষকে  $(4, 0)$  এবং y অক্ষকে  $(0, 12)$  বিন্দুতে ছেদ করে।

এই বিন্দুগুলোকে ছক কাগজে স্থাপন ও যোগ করে সমীকরণদ্বয়ের লেখ বা সরলরেখাদ্বয় আঁকা হলো এবং ছেদ বিন্দুকে C দ্বারা চিহ্নিত করা হলো।



গ. (ক) হতে পাই, রেখা দুইটির ছেদবিন্দু  $\left(\frac{8}{5}, \frac{36}{5}\right)$

ধরি,  $y = 2x + 4$  এবং  $3x + y = 12$  রেখাদ্বয় x অক্ষকে যথাক্রমে  $A(-2, 0)$  এবং  $B(4, 0)$  বিন্দুতে ছেদ করে এবং রেখাদ্বয় পরস্পর  $C\left(\frac{8}{5}, \frac{36}{5}\right)$  বিন্দুতে ছেদ করে।

A, B, C ঘড়ির কাঁটার বিপরীতে যায়।

সুতরাং,  $\Delta ABC$ -এর ক্ষেত্রফল

$$\begin{aligned} &= \frac{1}{2} \begin{vmatrix} -2 & 4 & \frac{8}{5} & -2 \\ 0 & 0 & \frac{36}{5} & 0 \end{vmatrix} \text{ বর্গ একক} \\ &= \frac{1}{2} \left( 0 + \frac{144}{5} + 0 - 0 - 0 + \frac{72}{5} \right) \text{ বর্গ একক} \\ &= \frac{1}{2} \times \frac{216}{5} \text{ বর্গ একক} \end{aligned}$$

$$= \frac{108}{5} \text{ বর্গ একক}$$

$$= 21.6 \text{ বর্গ একক (Ans.)}$$

প্রশ্ন-১০ ▶ নিচের সমীকরণগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

$$y = x + 4, y = -x + 4, x = 2, y = 1$$


ক. প্রথম রেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিত অংশের দৈর্ঘ্য নির্ণয় কর। ২

